অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/5/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2020 সালের স্টেট অফ দ্য স্টেটের 24তম প্রস্তাব প্রকাশ করলেন: শিল্পের নেতৃত্বস্থানীয় উচ্চ প্রযুক্তির কোম্পানিগুলি 700-র বেশি কাজ তৈরি করবে রচেস্টারে এবং রচেস্টারের শহরতলির ইনোভেশন জোনের (DOWNTOWN INNOVATION ZONE) কাছে

ক্লাউড ম্যানেজমেন্ট প্লাটফর্ম কোম্পানি ক্লাউডচেকর (CloudCheckr), কমিউনিকেশন হার্ডওয়্যার ম্যানুফ্যাকচারিং স্পেশালিস্ট মাস্টোডন (Mastodon), এবং যোগাযোগ সফটওয়্যার ডেভেলপমেন্ট কোম্পানি ক্যালেরো (Calero) রচেস্টার শহরে তাদের কার্যকলাপ বৃদ্ধি করবে

কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে বাড়াতে এই অঞ্চলের বিস্তৃত কৌশল - "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" (Finger Lakes Forward)-কে আরো সহায়তা প্রদান করে এই বিনিয়োগ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ তার 2020 সালের স্টেট অফ দ্য স্টেট কর্মসূচীর 24তম প্রস্তাবের কথা ঘোষণা করেছেন, যার মধ্যে রয়েছে রচেস্টার শহরের তিনটি শিল্প-অগ্রণী উচ্চ প্রযুক্তি সংস্থার প্রসারণ যা ফিঙ্গার লেকসের আঞ্চলিক অর্থনীতিকে আরও বৃদ্ধি করবে রচেস্টারের ডাউনটাউন ইনোভেশন জোনে এবং তার চারিপাশে উচ্চ প্রযুক্তির বাস্তুতন্ত্রকে বৃদ্ধি করার জন্য গভর্নরের অব্যাহত প্রতিশ্রুতির অংশ হিসেবে। ক্লাউড ম্যানেজমেন্ট প্লাটফর্ম কোম্পানি ক্লাডচেকর, রচেস্টার শহরের ডাউনটাউন ইনোভেশন জোনে তাদের প্রধান কার্যালয় সম্প্রসারণ করতে প্রস্তুত, 397টি পর্যন্ত নতুন ভাল বেতনের, উচ্চ প্রযুক্তির চাকরি তৈরি করার প্রতিশ্রুতি সহ। কমিউনিকেশন হার্ডওয়্যার ম্যানুফ্যাকচারিং বিশেষজ্ঞ মাস্টোডন ডিজাইন সাইন্স পার্কওয়েতে একটি 34,000 বর্গ ফুটের স্থানে সরে এসেছে, 235টি পর্যন্ত নতুন চাকরির প্রতিশ্রুতি সহ। উপরন্তু, ক্যালরো সফ্টওয়্যার উল্লেখযোগ্যভাবে তার কার্যকলাপ বৃদ্ধি করবে এবং আগামী পাঁচ বছর ধরে 100টি পর্যন্ত নতুন চাকরি তৈরি করবে রচেস্টার শহরে।

"রচেস্টার এই অঞ্চলের কিছু উদ্ভাবনী প্রযুক্তি সংস্থার আবাসস্থল হিসেবে দ্রুত সুনাম অর্জন করছে, যার জন্য আংশিকভাবে রাষ্ট্রীয় বিনিয়োগ এবং অর্থনৈতিক উন্নয়নের প্রতি আমাদের স্থানীয়ভাবে চালিত পদক্ষেপকে ধন্যবাদ," **গভর্নর কুওমো বলেন।** "এই অঞ্চলে সম্প্রসারণ করার জন্য এই কোম্পানিগুলোর বিনিয়োগ নতুন, ভাল বেতনের চাকরী তৈরি করবে এবং সব তীর ফিঙ্গার লেকস অঞ্চলের জন্য সঠিক দিক নির্দেশ করে চলেছে তা নিশ্চিত করতে সাহায্য করবে।"

ক্লাউডচেকর, বৃহৎ উদ্যোগ, পরিচালিত পরিষেবা প্রদানকারী এবং পাবলিক সেক্টরকে একটি সফটওয়্যার-অ্যাজ-এ-সার্ভিস প্ল্যাটফর্ম দ্বারা পরিষেবা প্রদান করে যা সবচেয়ে জটিল ক্লাউড পরিকাঠামোকে সহজভাবে পরিচালনা করতে এবং দ্রুত ফলাফল সহও নিরাপদ করতে সাহায্য করে। অ্যামাজন ওয়েব সার্ভিসেস (Amazon Web Services), মাইক্রোসফট অ্যাজিওর (Microsoft Azure), গুগল ক্লাউডের (Google Cloud) মতো বৃহত্তম পাবলিক ক্লাউড পরিষেবা প্রদানকারীদের সাথে অংশীদারিত্ব করে। সদর বিল্ডাউটের জন্য খরচ 6,700,000 মার্কিন ডলার হতে পারে বলে আশা করা হয়।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) কাজ সৃষ্টির প্রতিশ্রুতির বিনিময়ে এক্সেলসিওর জব ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামের (Excelsior Jobs Tax Credit Program) মাধ্যমে 8 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অর্থ প্রদান করে ক্লাউডচেকরকে তার সম্প্রসারণ পরিকল্পনায় সহায়তা করছে। ক্লাডচেকর 2025 গ্রীষ্মের কোনো সময় সম্প্রসারণ সম্পন্ন করতে পারবে বলে আশা করে। মনরো কাউন্টি এবং বৃহত্তর রোচেস্টার এন্টারপ্রাইজও (Greater Rochester Enterprise, GRE) এই প্রকল্পে সহযোগিতা করেছে।

মাস্টোডন ডিজাইনের প্রাথমিক গ্রাহক মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগ (United States Department of Defense)। 2013 সালে প্রতিষ্ঠিত, মাস্টোডন ডিজাইন দ্রুত নকশা এবং বলিষ্ঠ সিগ্নালস ইন্টেলিজেন্স ও যোগাযোগের পণ্য ও সলিউশন নির্মাণ করে। 2019 সালের ফেব্রুয়ারিতে, মাস্টোডন ডিজাইঙ্কে CACI ইন্টার্ন্যাশানাল (CACI International) অধিগ্রহণ করে, যারা একজন প্রতিরক্ষা ঠিকাদার যাদের ফেসিলিটিগুলি ভার্জিনিয়া এবং ফ্লোরিডায় অবস্থিত। CACI জাতীয় নিরাপত্তা মিশনের সমর্থনে তথ্য সংক্রান্ত সলিউশন ও সেবা প্রদান করে এবং বৌদ্ধিক, প্রতিরক্ষা এবং ফেডারেল বেসামরিক গ্রাহকদের জন্য সরকারি রূপান্তরের ক্ষেত্রে সহায়তার জন্য পরিষেবা প্রদান করে।

মাস্টোডন ডিজাইনের অন্যত্র অবস্থান এবং বৃদ্ধির জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতির বিনিময়ে এক্সেলসিওর জবস প্রোগ্রামের (Excelsior Jobs Program) মাধ্যমে 3 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত কর ক্রেডিট প্রদান করবে। রচেস্টার শহর, মনরো কাউন্টি এবং গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজও (Greater Rochester Enterprise, GRE) এই প্রকল্পে সহযোগিতা করেছে। অবস্থান পরিবর্তন ও সম্প্রসারণের জন্য মোট খরচ রাখা হয়েছে 4.755 মিলিয়ন মার্কিন ডলারে।

2013 সালে ক্যালেরো প্রতিষ্ঠিত হয় এবং 2019 সালের ডিসেম্বরে আরিজোনার ফিনিক্সে প্রধান দপ্তর থাকা MDSL এর সাথে মার্জ করে। প্রতিষ্ঠানটি তার সব চেয়ে বড় অপারেটিং ফেসিলিটি রক্ষণাবেক্ষণ করে রচেস্টার নিউ ইয়র্কে এবং আটলান্টা, GA, ইউনাইটেড কিংডম, হংকং, ফ্রান্স এবং নেদারল্যান্ডসে তাদের অফিস অবস্থিত। যোগাযোগের সফটওয়্যার ডেভেলপমেন্ট কোম্পানিটি শহরের প্রাণবন্ত শহরতলির এলাকার কাছাকাছি থাকার প্রচেষ্টায় 1040 ইউনিভার্সিটি অ্যাভিনিউতে অবস্থিত একটি ভবনে তার ব্যবসা সম্প্রসারণ করবে যা অত্যন্ত দক্ষ মেধার পুলের কারণে অত্যন্ত

সফল কোম্পানিগুলিকে আকৃষ্ট করছে। সারা বিশ্ব জুড়ে গ্রাহকদের পরিষেবা প্রদান করে, এই প্রযুক্তি সংস্থা তাদের উন্নত সফ্টওয়্যার এবং পরিষেবার সংমিশ্রণে টেলিকম, গতিশীলতা এবং ক্লাউড সহ যোগাযোগ সেবার পূর্ণ সম্ভার পরিচালনা করতে উদ্যোগগুলিকে সাহায্য করে ।

এই প্রকল্পটি সমর্থন করার জন্য, ESD চাকরী তৈরির প্রতিশ্রুতির বিনিময়ে এক্সেলসিওর জব প্রোগ্রামের (Excelsior Jobs Program) মাধ্যমে 1 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করছে। প্রকল্পের মোট খরচ 3 মিলিয়ন মার্কিন ডলার রাখা হয়েছে। কোম্পানিটি আশা করছে, 2020-এর প্রথম কোয়ার্টারে নতুন অবস্থানে কার্যক্রম পরিচালনা করবে।

শহরতলির রচেস্টার এখন পুনর্জন্মের মধ্যে দিয়ে চলেছে। রচেস্টার ডাউনটাউন ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Rochester Downtown Development Corporation) মতে, নির্দিষ্ট এলাকাটি ইনোভেশন জোন নামে পরিচিত, এবং এটি 195টি ব্যবসার আবাসস্থল যা শহরের বিবর্তনশীল শহরতলি এলাকাকে সমর্থন করার জন্য কাজ করছে। 2018-এর ফেব্রুয়ারিতে গভর্নর কুওমোর প্রথম ঘোষণাকরা ব্যাপক "ROC দি রিভারওয়ে" উদ্যোগের মাধ্যমে সেই গতিবেগ আরোবেশী উদ্দীপিত হয়েছে। 13টি নির্বাচিত ফেজ ওয়ান প্রকল্প, যার অর্থায়ন করা হয়েছে 50 মিলিয়ন মার্কিন ডলারের ফিঙ্গার লেকস ফরোয়ার্ড আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (Finger Lakes Forward Upstate Revitalization Initiative) গ্রান্ট দ্বারা, যার উদ্দেশ্য ছিল জেনেসি নদীর চারপাশের এলাকায় বিপ্লব আনা এবং রচেস্টারের জল সন্নিহিত এলাকার সম্ভাবনাকে উদ্ঘাটিত করা।

ক্লাউডচেকর সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য এখানে ক্লিক করুন।

CACI ইন্টারন্যাশনাল এবং মাস্টোডন ডিজাইন সংক্রান্ত আরো তথ্যের জন্য ক্লিক করুন এখানে।

ক্যালেরো সফটওয়েরের সম্পর্কে আরও তথ্যের জন্য ক্লিক করুন এখানে।

ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। স্টেট এ অঞ্চলে 2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই 6.1 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করেছে - ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং আধুনিক নির্মাণ কার্যের মতো মূল শিল্প এই বিনিয়োগে অন্তর্ভুক্ত। বর্তমানে, মহামন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব কমে সবচেয়ে নিম্ন পর্যায়ে রয়েছে; ব্যক্তিগত ও কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি বিকাশ ও বিনিয়োগের জন্য রোচেস্টার, বাটাভিয়া এবং কানানডাইগুয়ার মতো জায়গা বেছে নিচ্ছে।

বর্তমানে, উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগসহ ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিত করছে যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015-এ ঘোষণা করেন। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি

খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে ৪,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন